**AKASHVANI(AIR)**

**RNU:KOLKATA**

**BengaliText Bulletin**

**Date 18-01-2026 Time: 7.50 PM**

বিশেষ বিশেষ খবরঃ-

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ এরাজ্যের সিঙ্গুর থেকে তিনটি অমৃতভারত এক্সপ্রেস, জয়রামবাটি ময়নাপুর রেলপথ সম্প্রসারণ, কলকাতা-বলাগড় সম্প্রসারিত পোর্ট গেট সিস্টেম এবং একটি ইলেকট্রিক ক্যাটামেরনের সূচনা সহ ৮৩০ কোটি টাকার প্রকল্পের উদ্বোধন করেছেন।

# গোটা দেশের উন্নয়নের জন্য পশ্চিমবঙ্গের উন্নয়ন একান্ত জরুরী বলেও প্রধানমন্ত্রীর মন্তব্য।

২) তৃণমূল কংগ্রেস সরকারের অবসান ঘটিয়ে বিজেপিকে এরাজ্যে ক্ষমতায় আনার ডাক দিয়ে শ্রী মোদী বলেছেন, রাজ্যের উন্নয়নকে ত্বরান্বিত করতে সরকার পরিবর্তনের দরকার।

৩) নিপা ভাইরাসে আক্রান্ত বারাসাতের দুই স্বাস্থ্যকর্মীর সংস্পর্শে আসা ১৭৩ জনের নমুনা পরীক্ষার রিপোর্ট নেগেটিভ বলে স্বাস্থ্য দপ্তর সূত্রে জানা গেছে।

৪) সারা রাজ্যে আগামী এক সপ্তাহ শুষ্ক আবহাওয়া থাকবে এবং তাপমাত্রা ধীরে ধীরে বাড়বে বলে আবহাওয়া দপ্তর জানিয়েছে।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ সিঙ্গুর থেকে তিনটি অমৃত ভারত এক্সপ্রেস, জয়রামবাটি ময়নাপুর রেলপথ, কলকাতা-বলাগড় সম্প্রসারিত পোর্ট গেট সিস্টেম, অন্তর্দেশীয় জল পরিবহণ টার্মিনাল, একটি রোড ওভারব্রিজ এবং একটি ইলেকট্রিক ক্যাটামেরনের সূচনা সহ ৮৩০ কোটি টাকার প্রকল্পের উদ্বোধন করেছেন। প্রধানমন্ত্রী তাঁর ভাষণে বলেছেন, বিকশিত ভারতের জন্য পূর্ব ভারতের উন্নয়ন অত্যন্ত জরুরী এবং কেন্দ্রীয় সরকার এই লক্ষ্যে নিরন্তর কাজ করে চলেছে। পশ্চিমবঙ্গের উন্নয়ন গোটা দেশের উন্নতির পক্ষে অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে প্রধানমন্ত্রী মন্তব্য করেন।

BYTE- PM Development

উল্লেখ্য, বলাগড় প্রকল্পের লক্ষ্য হল পন্য পরিবহণ ব্যাবস্থাকে সুচারু করা। এর ফলে, পথ নিরাপত্তা, যানজট এবং কলকাতা শহরের পরিবেশ দূষণ অনেকটাই হ্রাস পাবে। তিনি জানান, কেন্দ্রীয় সরকার গত ১১ বছরে শ্যামাপ্রসাদ মুখার্জী পোর্টের উন্নয়নের জন্য সাগরমেলা প্রকল্পের আওতায় বহু কর্মসূচী গ্রহণ করেছে।

বাইট পোর্ট

প্রধানমন্ত্রী বলেন পরিবেশ বান্ধব পরিবহণ ব্যাবস্থার ওপর জোর দেওয়া হচ্ছে। রাজ্যের জল পরিবহণ ব্যবস্থা উন্নয়ের লক্ষ্যে কেন্দ্রও সর্বদা সাহায্য করছে বলেও তিনি জানান। প্রধানমন্ত্রী বলেন, গত বছর এই বন্দর পণ্য পরিবহনে নজির স্থাপন করেছে। ৫০ আসন বিশিষ্ট এই ইলেকট্রিক ক্যাটামেরন নিয়মিত যাতায়াত শুরু করলে পরিবেশ পর্যটন এবং শহরাঞ্চলে নদি পথে যাতায়াত বৃদ্ধি পাবে।

প্রধানমন্ত্রী আশা প্রকাশ করেন, বলাগড় পোর্ট গেট প্রকল্পের ফলে হুগলী জেলার ব্যাপক উন্নয়ন হবে। হাজার হাজার কোটি টাকার বিনিয়োগ আসবে এবং যুবকদের কর্ম

সংস্থানের সুযোগ বৃদ্ধি পাবে। প্রধানমন্ত্রী বলেন, এই জেলার কৃষকদের পাশাপাশি মৎস্যজীবীরাও নানান প্রকল্পের ফলে উপকৃত হবেন। তাঁর আশা সমুদ্রজাত খাদ্য প্রক্রিয়াকরণ এবং রপ্তানির ক্ষেত্রে পশ্চিমবঙ্গ অগ্রণী ভূমিকা নেবে।

অনুষ্ঠানে রাজ্যপাল ডঃ সি ভি আনন্দ বোস, বন্দর, জাহাজ চলাচল ও জলপথ পরিবহণ মন্ত্রী সর্বানন্দ সোনোয়াল, কেন্দ্রীয় প্রতিমন্ত্রী ডঃ সুকান্তও মজুমদার, শান্তনু ঠাকুর, রাজ্য বিধানসভায় বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী, সাংসদ শমিক ভট্টাচার্য ও সৌমিত্র খাঁ সহ বহু বিশিষ্ট ব্যাক্তি উপস্থিত ছিলেন।

পরে সিঙ্গুরে এক জনসভায় প্রধানমন্ত্রী বলেন, এরাজ্যে তৃণমূল কংগ্রেস সরকার নিরাপত্তা নিয়ে খেলা করছে। এখানে দাঙ্গাবাজ মাফিয়াদের ছাড় দেওয়া হচ্ছে। অনুপ্রবেশকারীদের সুবিধা দেওয়া হচ্ছে। রাজ্যে সরকার পরিবর্তনের আহ্বান জানিয়ে শ্রী মোদী বলেন, তৃণমূল কংগ্রেসের জঙ্গলরাজের অবসান ঘটিয়ে এরাজ্যে বিজেপির সুশাসন নিয়ে আসা অত্যন্ত প্রযোজন।

বাইট পিএম করাপশন

উন্নয়নের উপযুক্ত পরিবেশ গড়ে তুলতে পারলেই এরাজ্যে নতুন শিল্প আসবে বলে শ্রী মোদী মন্তব্য করেন। তিনি বলেন, এখানে প্রাকৃতিক সম্পদ সহ শিল্প স্থাপনের উপযুক্ত পরিকাঠামো রয়েছে। তাই একে কাজে লাগিয়ে রাজ্যের উন্নয়ন ত্বরান্বিত করতে বিজেপিকে ক্ষমতায় আনা দরকার। আমাদের প্রতিনিধি জানাচ্ছেন,

অভিরূপ ভয়েসকাস্ট

-------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, রবিবার ২৫শে জানুয়ারি আকাশবাণীতে "মন কি বাত" অনুষ্ঠানের মধ্যে দিয়ে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১৩০ তম পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সব কটি চ্যানেলে সকাল ১১ টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে।

আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধান মন্ত্রীর e-দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে। হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে এর আঞ্চলিক ভাষার তর্জমা।

--------------------

উত্তর ২৪ পরগনার বারাসাতে নিপা ভাইরাসে আক্রান্ত দুই স্বাস্থ্য কর্মীর সংস্পর্শে আসা ১৭৩ জনের নমুনা পরীক্ষার রিপোর্ট নেগেটিভ এসেছে বলে স্বাস্থ্য দপ্তর সূত্রে জানা গিয়েছে।

অন্যদিকে, তাদের সংস্পর্শে আসা এক পুরুষ স্বাস্থ্যকর্মী নিপায় আক্রান্ত হলেও বর্তমানে তার শারীরিক অবস্থার উন্নতি হয়েছে বলে খবর।

--------------------

এস আই আরের শুনানির নামে অকারণে হেনস্থার অভিযোগে আজ দুপুরে উত্তর ২৪ পরগণার বসিরহাট এক নম্বর ব্লকের সংগ্রামপুর–শিবহাটী গ্রাম পঞ্চায়েতের বিরামনগর মাঠ সংলগ্ন জাতীয় সড়ক উত্তাল হয়ে ওঠে। শয়ে শয়ে গ্রামবাসী জাতীয় সড়ক অবরোধ করে বিক্ষোভে সামিল হন। বিক্ষোভ চলাকালীন জাতীয় সড়কের উপর

রাস্তার কাঠের গুঁড়ি ফেলে এবং টায়ার জ্বালিয়ে অবরোধ তৈরি করা হয়। মুহূর্তের মধ্যেই বন্ধ হয়ে যায় যান চলাচল। জাতীয় সড়ক জুড়ে তীব্র যানজটের সৃষ্টি হয়। একাধিক পণ্যবাহী লরি, টোটো, অটো ও বিভিন্ন রুটের বাস দীর্ঘক্ষণ দাঁড়িয়ে পড়ে। আটকে পড়েন নিত্যযাত্রী থেকে শুরু করে পণ্য পরিবহণের সঙ্গে যুক্ত বহু মানুষ।

পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে মোতায়েন করা হয় পুলিশ বাহিনী। যদিও দীর্ঘ সময় ধরে অবরোধ চলার জেরে জাতীয় সড়কে যানজটের পরিস্থিতি স্বাভাবিক হতে সময় লাগে।

--------------------

দক্ষিণ ২৪ পরগণার বারুপুরের শঙ্করপুর ২ নম্বর পঞ্চায়েতের এক বি এল ও অনুপমা পালকে মদ্যপ অবস্থায় হেনস্থা করার অভিযোগে পুলিশ আমিন নস্কর নামে এক জনকে গ্রেফতার করেছে। গুরুতর জখম অবস্থায় ওই বি এল  ওকে উদ্ধার করে বারুইপুর হাসপাতালে ভর্তি করা হয়।

--------------------

বর্ধমান সদর উত্তর মহকুমা শাসকের অফিসে গতকাল সাত নম্বর ফর্ম জমা দেওয়াকে কেন্দ্র করে গন্ডগোলের খবর পাওয়া গেছে। পুলিশ ওপর হামলা চালানোর অভিযোগে চারজনকে গ্রেপ্তার করেছে বর্ধমান থানার পুলিশ।

এই ঘটনায় এক মহিলা পুলিশ কর্মী সহ দুজন আহত। তাদের বর্ধমান মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।

--------------------

রাজ্যে ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধ প্রক্রিয়া – এস আই আর-এর শুনানি ঘিরে কোনও কেন্দ্রে যাতে পুনরায় অশান্তির ঘটনা না ঘটে, সে দিকে বিশেষ

নজর দিতে রাজ্য সরকারকে আবার অনুরোধ করেছে নির্বাচন কমিশন। পাশাপাশি, সব জেলাশাসকদেরও সতর্ক থাকতে নির্দেশ দেওয়া হয়েছে।

--------------------

উত্তর ২৪ পরগণার বনগাঁয় জেলা বিজেপি সভাপতির ওপর হামলার অভিযোগে দলের কর্মী-সমর্থকরা আজ বনগাঁ থানা ঘেরাও করে বিক্ষোভ দেখায়। বিজেপির বনগাঁ সাংগঠনিক জেলা সভাপতি বিকাশ ঘোষের অভিযোগ, গতসন্ধ্যায় কুড়ারবাগান এলাকায় তৃণমূল কংগ্রেস আশ্রিত দুষ্কৃতকারীরা তাঁর গাড়ির ওপর হামলা চালায়, চালক ও দলের এক কর্মকর্তাকে মারধোরও করে। তিনি অবিলম্বে দুষ্কৃতীদের গ্রেফতারের দাবি জানিয়েছেন

--------------------

মুর্শিদাবাদের বেলডাঙাতে যে তাণ্ডব চালানো হয়েছে, তার তীব্র সমালোচনা করেছেন পদ্মশ্রী প্রদীপ্ত মহারাজ। তার আশঙ্কা, এখনই শক্ত হাতে এই বিশৃঙ্খলা দমন না করলে বাংলার অন্যান্য জায়গাতেও এরকম ঘটনা ঘটতে পারে। রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘের ১০০ বছর পূর্তি উপলক্ষে আজ পশ্চিম মেদিনীপুরের খড়গপুর- ২ ব্লকের মাদপুর খন্ডের, বসন্তপুরে একটি হিন্দু সম্মেলন ও গীতাপাঠ অনুষ্ঠানে তিনি এ-কথা বলেন।

--------------------

বর্ধমানে পানাগড় সেনা ছাউনি সন্নিহিত ১৯ নং জাতীয় সড়কে বিরুডিহায় কাঁকসার গোপালপুর থেকে পানাগড় শিল্প তালুকগামী একটি গ্যাস সিলিন্ডার বোঝাই ট্রেলারে থাকা ক্যাপসুল থেকে গ্যাস লিক করায় এলাকায় আতঙ্ক ছড়িয়ে পড়ে। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছয় কাঁকসা থানার পুলিশ। দমকলের কর্মীরা গোটা

এলাকা ঘিরে ফেলে। ঘটনার জেরে জাতীয় সড়কে কলকাতাগামী লেনে সকাল ১০ টা পর্যন্ত যান চলাচল বন্ধ থাকে।

গ্যাস সংস্থার আধিকারিকরা ঘটনাস্থলে গিয়ে প্রয়োজনীয় মেরামতি ক'রে ট্যাংকারটিকে গন্তব্যের উদ্দেশ্যে পাঠালে যান চলাচল স্বাভাবিক হয়।

-------------------

সারা রাজ্যে আগামী এক সপ্তাহ শুষ্ক আবহাওয়া থাকবে তবে ধীরে ধীরে বাড়বে তাপমাত্রা। আগামী তিন দিনের দক্ষিণবঙ্গের জেলাগুলিতে সর্বনিম্ন তাপমাত্রা দু থেকে তিন ডিগ্রি পর্যন্ত বাড়তে পারে। দিনের তাপমাত্রাও বাড়বে বলে জানিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর। আলিপুরে আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ১৩ ডিগ্রি সেলসিয়াস যা স্বাভাবিকের থেকে দেড় ডিগ্রী কম। সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৫ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস স্বাভাবিকের থেকে কিছুটা কম। দক্ষিণবঙ্গে আজ সব থেকে কম তাপমাত্রা রেকর্ড করা হয় কল্যাণীতে নয় দশমিক দুই ডিগ্রি সেলসিয়াস। অন্যদিকে উত্তরবঙ্গের সব থেকে কম সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় পুন্ডিবাড়িতে ৯ দশমিক ৮ ডিগ্রি সেলসিয়াস।

-------------------

সর্ব ভারতীয় ফুটবল ফেডারেশনের অনূর্ধ্ব ১৪ বালকদের সাব জুনিয়র ফুটবলে ইস্টবেঙ্গল নিজেদের মাঠে আজ ১৪-০ গোলে মহামেডান স্পোর্টিংকে হারিয়ে দিয়েছে। প্রিয়াংশু ও রয়চা হ্যাটট্রিক করেছে।

------------------- -------------------